

## একটি দেশের বিবরণ

এফ. আহমেদ

তোমার দেশের নাম কি ?

পৃথিবী ।

রাজধানীর নামটা ?

আমেরিকা ।

প্রেসিডেন্ট ?

বুশ ।

জাতীয় পোষাক ?

শার্ট - প্যান্ট ।

রাষ্ট্রীয় ভাষা ?

ইংরেজী ।

মুদ্রার নাম ?

ডলার ।

লোক সংখ্যা ?

প্রায় ছয়শ' কোটি ।

ভৌগলিক অবস্থান ?

উত্তর-পূর্বে শুক্র, দক্ষিণ-পশ্চিমে মঙ্গল

জাতীয় পাখি ?

ঈগল ।

অঙ্গরাজ্য ?

একশ' ছেষটি ।

সরকার পদ্ধতি ?

গণতান্ত্রিক ।

রাষ্ট্রীয় ধর্ম ?

খ্রীস্টান

জাতীয় নাট্যশালা ?

জাতিসংঘ ।

সেন্সর বোর্ড ?

নিরাপত্তা পরিষদ ।

জাতীয় খেলা ?

রাগবী ।